দৈনিক
ইত্তেফাক

তারিখ ...... 19 MAY 2015
পৃষ্ঠা ...৬... কলাম...১......

# জাবির তিন বিভাগে শিক্ষা কার্যক্রম বন্ধ

## বিরোধ মীমাংসার আশ্বাস ভিসির

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের তিনটি বিভাগে অচলাবস্থা বিরাজ করছে। ফলে বন্ধ রয়েছে শিক্ষা কার্যক্রম। এর মধ্যে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও ভূতাত্ত্বিক-বিজ্ঞান বিভাগের শিক্ষকরা ভবন সংক্রান্ত সংকটে সকল ধরনের ক্লাস পরীক্ষা বন্ধ রাখার ঘোষণা দিয়েছেন। অন্যদিকে বিভাগীয় সভাপতির পদত্যাগ দাবিতে ক্লাস পরীক্ষা বন্ধ রেখেছে গণমাধ্যম ও সাংবাদিকতা বিভাগের শিক্ষকরা। এতে ক্ষতিগ্রস্ত হচ্ছেন শিক্ষার্থীরা। ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম।


জানা যায়, সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী বৃহস্পতিবার ভোরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল সংলগ্ন নতুন বিজ্ঞান ভবনের তালা ভেঙে তৃতীয় তলায় আসবাবপত্র তুলে শিক্ষা কার্যক্রম শুরু করেন পরিবেশ বিজ্ঞান বিভাগ। তখন ভূতাত্ত্বিক বিজ্ঞান ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের ভবনে প্রবেশে বাধা দেয়। পরে পরিবেশ বিজ্ঞান বিভাগকে ওই ভবন থেকে বের করে দেয়ার দাবিতে ভূতাত্ত্বিক বিজ্ঞান ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষকরা সকল শিক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার ঘোষণা দেয়।

গতকাল সোমবার এ দুটি বিভাগের শিক্ষার্থীরা নিজেদের ভবন ফেরত চেয়ে বিক্ষোভ মিছিল করেছেন। আজ তারা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন অবরোধ কর্মসূচি পালন করবেন। ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি মাজেদা ইসলাম বলেন, রাতের আঁধারে ভবন দখল করে নেয়ায় অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ভবন বরাদ্দের সন্তোষজনক সমাধান না হওয়া পর্যন্ত দুই বিভাগের শিক্ষা কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

অন্যদিকে গণমাধ্যম ও সাংবাদিকতা বিভাগের শিক্ষকরা সভাপতির পদত্যাগ দাবিতে ক্লাস পরীক্ষা বন্ধ রেখেছেন। শনিবার তার প্রতি অনাস্থা জানিয়ে ভিসিকে লিখিত অভিযোগ দেন তারা। পদত্যাগ না হওয়া পর্যন্ত শিক্ষকরা সকল ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দেন।

লিখিত অভিযোগে বিভাগের সভাপতি আমিনা ইসলামের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে তার পদত্যাগ দাবি করেন। গতকাল বিভাগে খোঁজ নিয়ে দেখা যায়, প্রথম বর্ষের চূড়ান্ত পরীক্ষার 'বাংলা রাইটিং' শিরোনামের ১০৫নং কোর্সের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও শিক্ষকদের আন্দোলনের কারণে হয়নি। প্রথম বর্ষ পরীক্ষা কমিটির সভাপতি রাকিব আহমেদ জানান, বিভাগের শিক্ষকরা সিদ্ধান্ত নিয়েছেন, সভাপতি পদত্যাগ না করা পর্যন্ত তারা কোন ক্লাস পরীক্ষা নেবেন না।

বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম জানান, বিভাগীয় শিক্ষকদের ডেকে বিষয়টি মীমাংসা করা হবে।



বিপর্যস্ত অভিবাসীদের ফিরিয়ে আনার দাবিতে গতকাল শাহবাগে ঐক্য ন্যাপের মানববন্ধন -ইত্তেফাক